



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১০৩২৮৬১/ ৩২২ /বি-বাড়িয়া-৬২

তারিখঃ ২০ .০৮.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- ১) সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১০৩২৮৬১/৩০৫২/নথি নং-৬২; তারিখ: ০৪/০২/২০১৯খ্রি.
২) সূত্র: স্মারক নং-০০.৪২.০৫৬৬.০০০.১৮.০০১.১৯-৩০৪; তারিখ: ১৮/০৪/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয় নগর উপজেলাধীন কেনা ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য প্রকৌশলী কাজী মো: রফিকুল ইসলাম এর অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে তদন্তের জন্য পত্র প্রেরণ করা হয়। তারই প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বিজয় নগর, ব্রাহ্মণবাড়িয়া সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। উক্ত তদন্ত প্রতিবেদনের উপর অনাস্থা প্রকাশ করে উচ্চতর তদন্তের জন্য কাজী মো: রফিকুল ইসলাম পুনরায় আরেকটি অভিযোগ দাখিল করেছেন। তাতে দেখা যায় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদন অভিযোগকারীর মনপূত হয়নি মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে উচ্চতর তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....১..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১০৩২৮৬১/

/বি-বাড়িয়া-৬২

তারিখঃ .০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিজয় নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩. অধ্যক্ষ, কেনা ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিজয় নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪. সভাপতি, কেনা ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিজয় নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫. প্রকৌশলী কাজী মো: রফিকুল ইসলাম, গ্রামঃ কেনা, পোঃ চান্দরা, উপজেলা- বিজয় নগর, জেলা- ব্রাহ্মণবাড়িয়া।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

প্রকৌশল কাজী মোঃ রফিকুল ইসলাম
প্রতিষ্ঠাতা ও দাতা : কেনা ইসলামিয়া আলিম মাদরাসা
EIN NO-103286, মাদরাসা কোড নং- ১৮৬৭৭
ভাকথর- চান্দুরা, উপজেলা- বিজয় নগর, জেলা- ব্রাহ্মণবাড়ীয়া।
মোবাইল : ০১৭১১৫২০৯৫০, ০১৬১০৭৭২০৫।

তারিখ : ২৬/৬/২০১৯

বরাবর,
চেয়ারম্যান মহোদয়,
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
ঢাকা।

বিষয় : কেনা ইসলামিয়া আলিম মাদরাসার নির্বাহী কমিটি গঠন সম্পর্কে দাখিলকৃত অভিযোগের, উপজেলা নির্বাহী অফিসার, বিজয় নগর, ব্রাহ্মণবাড়ীয়া এর প্রদত্ত প্রতিবেদন এর উপর অধিকতর তদন্তের জন্য আবেদন।

জনাব,

আসসালামু আলাইকুম। বাদ আরজ এই যে,

(ক) সূত্র স্মারক নং- বামাশিবো/পশা/২৯৬৮/নথি নং- বি-বাড়ীয়া-৬২ তারিখ- ১০/১০/২০১৮ খ্রিঃ মাধ্যমে অত্র মাদরাসার নির্বাহী কমিটি গঠন সম্পর্কে বিগত ০১/১১/২০১৮ ইং তারিখে আইডি নং- ৩৩১৮১০৩২৮৬১ মাধ্যমে অনলাইনে এক অভিযোগ করা হয়।

(খ) আপনার সূত্র স্মারক নং- বামাশিবো/পশা/৩৩১৮১০৩২৮৬১/৩০৫২ নথি নং- বি-বাড়ীয়া-৬২ তারিখ- ০৪/০২/২০১৯ খ্রিঃ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার বিজয় নগর, বি-বাড়ীয়া কে তদন্ত করতঃ মতামত সহ প্রতিবেদন প্রদানের জন্য বলা হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসার তাহার সূত্র স্মারক নং- ০০.৪২.০৫৬৬.০০০.১৮.০০২.১৯-১৯৪ তারিখ- ০৪/০৩/২০১৯ খ্রিঃ মাধ্যমে নোটিশ প্রতান করিয়া ১৯ মার্চ ২০১৯ খ্রিঃ উভয় পক্ষের মোকাবেলায় শুনানী গ্রহণ করেন।


(ঘ) আমার প্রদত্ত শুনানীর একটি লিখিত বক্তব্য ২০/০৩/২০১৯ ইং তারিখে তিনি গ্রহণ করেন।

(ঙ) পরবর্তীতে ১৭/০৪/২০১৯ ইং তারিখে প্রতিবেদনের অগ্রগতি সম্পর্কে জানার জন্য উনার দপ্তরে গিয়া জানিতে পারি আমার দাখিলকৃত বক্তব্য তদন্ত ফাইলে নাই। তিনি (উপজেলা নির্বাহী কর্মকর্তা) পূর্বের দাখিলকৃত বক্তব্যের একটি ফটোকপি প্রদান করিতে বলেন। আমি পুনরায় ১৭/০৪/২০১৯ খ্রিঃ বক্তব্যের ফটোকপি দাখিল করি।

(চ) তদন্ত অফিসার তদন্তকালীন এবং শুনানীর সময় কখনও মাদরাসা দপ্তরের কোন রেজিস্ট্রার নথি পত্র তদ্বাশী করেন নাই বা তিনি তলব দিয়া দেখিয়াছেন বলিয়া আমার জানা নাই। অধিকন্তু তদন্ত অফিসারের নিকট তদন্তের ব্যাপারে যাওয়া-আসার সময় উনার সার্বিক তালবাহানা ও অসহযোগিতাই পাইয়াছি। ইতিমধ্যে বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম যে, তিনি পক্ষপাতদুষ্ট, একপেয়ে ভাবে তদন্তের মূল বিষয়বস্তু পাশ কাটাইয়া নিজস্ব মতামত ও স্থানীয় চাপে আবেদনের বিপক্ষে তদন্ত প্রতিবেদন দিয়াছেন।

অতএব, হজুর সমীপে আবেদন এই যে, মাদরাসার গঠনকালীন সময় হইতে সকল নথি পত্র যাচাই-বাছাই করিয়া একটি নিরপেক্ষ সূষ্ঠ তদন্ত করার সার্বিক ব্যবস্থা গ্রহণ করিয়া তথা উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিজয় নগর, ব্রাহ্মণবাড়ীয়া এর প্রদত্ত তদন্ত প্রতিবেদন আমলে না নিয়া অধিকতর উচ্চ পর্যায়ের তদন্ত করিতে আপনার আশু দৃষ্টি কামনা করি।

নিবেদক


কাজী মোঃ রফিকুল ইসলাম
প্রতিষ্ঠাতা ও দাতা : কেনা ইসলামিয়া আলিম মাদরাসা